গাংনী সীমান্তে ৯ লাখ টাকার ভারতীয় মদ ও ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া সীমান্ত থেকে ৯ লাখ ৭ হাজার ৫০০ টাকা মূল্যের ভারতীয় মদ ও ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) ভোরে তেঁতুলবাড়িয়া বিওপির দায়িত্বপূর্ণ এলাকার হাটপাড়া নামক স্থানে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালায় বিজিবির একটি টহল দল। ৪৭ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন।

অভিযানে মালিকবিহীন অবস্থায় ৫ বোতল ভারতীয় মদ ও ৩ হাজার পিস ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার করা হয়। বিজিবি জানায়, উদ্ধারকৃত মাদকদ্রব্যের আনুমানিক সিজার মূল্য ৯ লাখ ৭ হাজার ৫০০ টাকা।

উদ্ধার করা মালামাল গাংনী থানায় জমা দেওয়া হয়েছে। এ ঘটনায় থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে জিয়া মঞ্চের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুরে জিয়া মঞ্চের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বিকেল ৩টায় মেহেরপুর বিএনপির কার্যালয়ে জিয়া মঞ্চ জেলা শাখার উদ্যোগে এ আলোচনা সভা ও কেক কাটা হয়।

জিয়া মঞ্চ মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক কামরুজ্জামান বাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর পৌর বিএনপির

সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

জিয়া মঞ্চ মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মো. সাইদুর রহমানের সঞ্চালনায় প্রধান অতিথির বক্তব্যে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, আজকে তথাকথিত কমিটির নামে হাইব্রিড কিছু লোক হঠাৎ কোথা থেকে উদয় হয়ে এসে বিএনপিকে নেতৃত্ব দিতে চাইছে। শহীদ জিয়াউর রহমানের স্বপ্ন এবং তারেক রহমান যে প্রতিশ্রুতি দিয়েছেন, তা বাস্তবায়ন করতে হলে দেশপ্রেমিক, সৎ ও ত্যাগী নেতাকর্মী ছাড়া সম্ভব নয়।

তিনি আরও বলেন, আগে যখন আমরা কোর্টে বিভিন্ন মামলার হাজিরা দিতে যেতাম, তখন আমাদের কটাক্ষ করা হতো আজও আপনারা বিএনপি করেন। আর আজ তারা নিজেদের বিএনপি নেতা বলে পরিচয় দিচ্ছেন। গত ১৬-১৭ বছর আপনাদের সঙ্গে নিয়ে আমরা নির্যাতন, জেল-জুলুম সহ্য করে বিএনপিকে টিকিয়ে রেখেছি। আজ আমরা হাইব্রিডদের কাছে আত্মসমর্পণ করতে পারি না।

জাহাঙ্গীর বিশ্বাস আরও বলেন, আমাদের লড়াই অব্যাহত আছে। সত্য ও ন্যায়ের পক্ষে থেকে তারেক রহমানের ৩১ দফার মধ্য দিয়ে আমরা সেই লড়াই চালিয়ে যাচ্ছি।

আলোচনা সভায় জিয়া মঞ্চের প্রতিষ্ঠার ইতিহাস, সংগঠনের বিভিন্ন কার্যক্রম ও সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনা করা হয়। পরে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়। এ সময় জিয়া মঞ্চ, বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে এনসিপির উপজেলার আহ্বায়ক কমিটির (আংশিক) অনুমোদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) মেহেরপুর জেলা শাখার আওতাধীন মুজিবনগর উপজেলা শাখার আংশিক আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে আগামী ছয় মাসের জন্য এ কমিটির অনুমোদন দেওয়া হয়।

অনুমোদিত কমিটিতে আহ্বায়ক হিসেবে মো. নাহিদ ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে মো. রবিউল ইসলাম এবং যুগ্ম আহ্বায়ক হিসেবে সজিব হাসান, হাফেজ ক্বারী মো. মনিরুল ইসলামের নাম উল্লেখ রয়েছে।

এ ছাড়া সদস্য সচিব হিসেবে মো. মাহফুজুর রহমান, সিনিয়র যুগ্ম সদস্য সচিব হিসেবে মো. সজিব শেখ এবং যুগ্ম সদস্য সচিব হিসেবে মো. শহিদ রানা, মো. জহিরুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়েছে।

কমিটিতে সাংগঠনিক সম্পাদক হিসেবে মো. রাকিব হাসান এবং সহ-সাংগঠনিক সম্পাদক হিসেবে মো. জিহাদ উদ্দিন, রকি পিয়াদার নাম রয়েছে।

জেলা শাখার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, অনুমোদিত কমিটিকে আগামী ১৫ দিনের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি প্রণয়ন করে জেলা কমিটির দপ্তরে জমা দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

নতুন এ কমিটির মাধ্যমে মুজিবনগর উপজেলায় এনসিপির সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল হবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

দক্ষতা কাজে লাগিয়ে রাষ্ট্রের উন্নয়নে ভূমিকা রাখার আহ্বান

মেহেরপুরে জেলা প্রশাসনের উদ্যোগে সব পর্যায়ের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট শওকত আরা আখতার।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল

কুমার রায়, অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ তরিকুল ইসলাম, মেজর আসরার, জেলা পরিষদের প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস এম রফিকুল ইসলাম, সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মুহাঃ আবদুল্লাহ আল আমিন, ডা. অলোক কুমার দাস, পিপি সাইদুর রাজ্জাক, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাসিমা খাতুন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জল হোসেন, সড়ক ও জনপথ বিভাগের প্রকৌশলী মিজানুর রহমান, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ ও গুরুদাস হালদার।

এ ছাড়া পূজা উদযাপন কমিটির আহ্বায়ক সঞ্জীব পালসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে অ্যাডভোকেট শওকত আরা আখতার বলেন, “একটি রাষ্ট্রের চেহারা হচ্ছে সরকারি কর্মকর্তা-কর্মচারীরা। আপনারা দীর্ঘদিনের অভিজ্ঞতা ও দক্ষতা অর্জন করে আজ এই পর্যায়ে এসেছেন। আপনাদের কর্মক্ষেত্রে যে দক্ষতা রয়েছে, তা আমার নেই। আমার দক্ষতা রাজনৈতিক ক্ষেত্রে।”

তিনি বলেন, সরকারি কর্মকর্তারা নিজ নিজ দায়িত্ব ও দক্ষতা দিয়ে কাজ করলে অনেক কিছু পরিবর্তন করা সম্ভব। তাদের দক্ষতা ও সহযোগিতার মাধ্যমেই সরকার রাষ্ট্রকে উন্নতির শিখরে নিয়ে যেতে পারে।

অতীতের রাজনৈতিক পরিস্থিতির কথা উল্লেখ করে তিনি বলেন, বিগত সময়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের অনেকেই নানা ধরনের চাপ ও শাস্তির মুখোমুখি হয়েছেন। একইভাবে রাজনৈতিক অঙ্গনেও দীর্ঘ সময় ধরে নানা প্রতিকূলতার মধ্য দিয়ে যেতে হয়েছে। বর্তমানে গণতান্ত্রিক পরিবেশ প্রতিষ্ঠার লক্ষ্যে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে।

তিনি সরকারি কর্মকর্তাদের নিজ নিজ দপ্তর থেকে সরকারকে সহযোগিতা করার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক শিল্পী রানী রায় বলেন, সরকারি কর্মকর্তা-কর্মচারীরা নিজ নিজ দায়িত্ব সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে পালন করলে জেলার সার্বিক উন্নয়ন ও জনসেবার মান আরও বৃদ্ধি পাবে। জনগণের প্রত্যাশা পূরণে সব দপ্তরকে

সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। তিনি জেলার উন্নয়ন ও জনকল্যাণে প্রশাসনের সব পর্যায়ের কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

সভায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাখাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রুপায়ন দেব, টিটিসির অধ্যক্ষ ড. শামীম হোসেন, জেলা কমান্ড্যান্ট আলামিন হোসেন, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক আব্দুস সাত্তার, জেলা নির্বাচন অফিসার মো. এনামুল হক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশেদ আহমেদ, পরিসংখ্যান কর্মকর্তা বশির উদ্দীন, বন বিভাগের কর্মকর্তা এইচ টি হামিম হায়দার, বিআরটিএর পরিদর্শক রাশিদুল ইসলাম ও এনএসআইয়ের সহকারী পরিচালক জাহিদুর রহমানসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা।

মেহেরপুরে ৬ গ্রাম হেরোইন ও নগদ টাকাসহ নারী গ্রেপ্তার

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর নতুন গ্রামের মসজিদপাড়া এলাকা থেকে ৬ গ্রাম হেরোইন ও মাদক বিক্রির ৫ হাজার ৭৫০ টাকা উদ্ধারসহ নাজমা খাতুন ওরফে খুশি খাতুন (৩৮) নামে এক নারীকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ।

গতকাল সোমবার (২৮ সেপ্টেম্বর) সন্ধ্যা ৭টার দিকে চকশ্যামনগর এলাকার একটি বসতবাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার নাজমা খাতুন ওই এলাকার সমিরুল ইসলাম ওরফে আজিলের স্ত্রী।

পুলিশের অভিযানে তার কাছ থেকে ৬ গ্রাম হেরোইন ও নগদ ৫ হাজার ৭৫০ টাকা উদ্ধার করা হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।
জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন

মেহেরপুরে আনারকলি চাষে নতুন সম্ভাবনা

ইউটিউবে প্যাশন ফ্রুট চাষের ভিডিও দেখে আগ্রহ তৈরি হয় মেহেরপুর সদর উপজেলার যুবক মিঠুর। সেই আগ্রহ থেকেই শুরু করেন নতুন এই বিদেশি ফলের চাষ।

প্রথমবারের মতো বাণিজ্যিকভাবে প্যাশন ফ্রুট বা স্থানীয়ভাবে ‘আনারকলি’ চাষ করে এখন সফলতার স্বপ্ন দেখছেন তিনি। কোথাও কোথাও এ ফলকে ট্যাং ফল বলে ডাকা হয়।

বছরজুড়ে সবজি চাষের জন্য পরিচিত সীমান্তবর্তী জেলা মেহেরপুর। ধান, কলা ও বিভিন্ন ধরনের সবজির পাশাপাশি এবার জেলার কৃষিতে যুক্ত হয়েছে নতুন এই ফল। সদর উপজেলার গোভীপুর গ্রামের মিঠু দেড় বিঘা জমিতে ২৩০টি চারা রোপণ করে গড়ে তুলেছেন আনারকলির বাগান।

মিঠু পারিবারিকভাবেই কৃষির সঙ্গে যুক্ত। দীর্ঘদিন ধরে কলাসহ বিভিন্ন ধরনের সবজির ব্যবসা করে আসছেন তিনি। নতুন কিছু করার চিন্তা থেকেই ইউটিউবে বিভিন্ন ফল ও ফসলের চাষাবাদের ভিডিও দেখতে শুরু করেন। একপর্যায়ে প্যাশন ফ্রুট চাষের একটি ভিডিও তাঁর নজরে আসে। ভিডিও দেখে চাষ পদ্ধতি সম্পর্কে ধারণা নিয়ে নিজেই এই ফল চাষের সিদ্ধান্ত নেন।

পরে ঝিনাইদহ থেকে চারা সংগ্রহ করে জমি লিজ নিয়ে দেড় বিঘা জমিতে রোপণ করেন। চারা রোপণের মাত্র পাঁচ মাসের মাথায় গাছে ফুল ও ফল আসতে শুরু করে। বর্তমানে গাছের ডালে ডালে ঝুলছে কাঁচা-পাকা আনারকলি।

সরেজমিনে বাগানে গিয়ে দেখা যায়, লতানো গাছের গাঢ় সবুজ পাতার ফাঁকে ফুটেছে আকর্ষণীয় ফুল। একই সঙ্গে অনেক গাছে দেখা মিলছে কাঁচা ও পাকা ফলের। মিঠুর দাবি, কোনো ক্ষতিকর রাসায়নিক সার বা

কীটনাশক ব্যবহার না করে জৈব পদ্ধতিতে বাগানের পরিচর্যা করছেন তিনি।

জমির লিজসহ এ পর্যন্ত তাঁর প্রায় ২ লাখ ২০ হাজার টাকা খরচ হয়েছে। বর্তমানে বাজারে এই ফলের ভালো চাহিদা ও দাম থাকায় মৌসুম শেষে প্রায় ৮ থেকে ১০ লাখ টাকার ফল বিক্রির আশা করছেন তিনি। আগামী ১০ থেকে ১৫ দিনের মধ্যেই বাগান থেকে ফল বিক্রি শুরু হবে বলে জানান মিঠু।

স্থানীয় কৃষক এনামুল হক বলেন, মেহেরপুরের মাঠে এর আগে তারা এমন ফলের চাষ দেখেননি। শুরুতে নতুন এই চাষ দেখে বুঝতে না পারলেও বর্তমানে গাছে প্রচুর ফুল ও ফল দেখে তারা আগ্রহী হয়ে উঠেছেন। তাদের মতে, উৎপাদন খরচ তুলনামূলক কম এবং রোগবালাইয়ের ঝুঁকিও কম হলে এই ফল চাষে কৃষকরা লাভবান হতে পারেন।

বাগানে আসা দর্শনার্থী সাইয়েদাতুন নেসা নয়ন বলেন, মেহেরপুরে এই ফলের চাষ হচ্ছে শুনে দেখতে এসেছি। আগে ইউটিউব ও ফেসবুকে প্যাশন ফ্রুট দেখেছি, কিন্তু সামনে থেকে কখনো দেখিনি। ফল দেখে ভালো লেগেছে, স্বাদও ভালো। তাই কিছু ফল কিনে নিয়ে যাচ্ছি।

আরেক দর্শনার্থী বলেন, এটি আমাদের এলাকায় নতুন একটি ফল। প্রথমবার মেহেরপুরে চাষ হয়েছে শুনে কৌতূহল থেকেই বাগানে এসেছি। ফল দেখতে সুন্দর, খেতেও ভালো লেগেছে। স্থানীয়ভাবে এ ধরনের নতুন ফলের চাষ বাড়লে কৃষকদের জন্যও নতুন আয়ের সুযোগ তৈরি হবে।

আনারকলি চাষি মিঠু বলেন, আমি ছোটবেলা থেকেই কৃষিকাজের সঙ্গে জড়িত। বিভিন্ন সবজির ব্যবসাও করি। ইউটিউবে বিভিন্ন ফল ও ফসলের চাষের ভিডিও দেখতে দেখতে একদিন প্যাশন ফ্রুট চাষের একটি ভিডিও দেখি। নতুন ফল হওয়ায় বিষয়টি আমার কাছে ভালো লাগে। এরপর চাষ সম্পর্কে বিস্তারিত জানার চেষ্টা করি এবং ঝিনাইদহ থেকে চারা এনে জমিতে রোপণ করি।

তিনি বলেন, প্রথমদিকে অনেকেই আমাকে নিয়ে হাসাহাসি করেছে। অনেকে বলেছে, এই ফল মেহেরপুরে হবে না। কিন্তু গাছে ফুল ও ফল আসার পর তাদের ধারণা বদলে গেছে। এখন প্রতিদিন বিভিন্ন এলাকা থেকে মানুষ আমার বাগান দেখতে আসছেন।

মিঠুর আশা, সঠিক পরিচর্যা, বাজারজাতকরণ এবং কৃষি বিভাগের সহযোগিতা পেলে মেহেরপুরে প্যাশন ফ্রুটের বাণিজ্যিক চাষ আরও

বাড়বে। এতে কৃষকদের জন্য তৈরি হতে পারে নতুন আয়ের সুযোগ।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ কাজী শাহনেওয়াজ বলেন, মেহেরপুরে নতুন এই ফলের চাষ সফল করতে কৃষি বিভাগের পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে।

মুজিবনগরে কাবাডি চ্যাম্পিয়নশিপের ইউনিয়ন পর্যায়ে দুটি খেলা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর থানার আয়োজনে শুরু হয়েছে ১ম কমিউনিটি পুলিশ কাবাডি চ্যাম্পিয়নশিপ ২০২৬। খেলাধুলার মাধ্যমে তরুণ সমাজকে মাদক ও অপরাধ থেকে দূরে রাখা এবং পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে এ আয়োজন করা হয়েছে।

সোমবার (২৮ সেপ্টেম্বর) মুজিবনগরের শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ এবং দারিয়াপুর ফুটবল মাঠে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে চ্যাম্পিয়নশিপের মোনাখালী ইউনিয়ন ও দারিয়াপুর ইউনিয়ন পর্যায়ের দুটি কাবাডি খেলা অনুষ্ঠিত হয়।

ইউনিয়ন পর্যায়ের কাবাডি প্রতিযোগিতায় সভাপতিত্ব করেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার দাস।

মোনাখালী ইউনিয়ন পর্যায়ের খেলায় উপস্থিত ছিলেন নগর থানার ওসি (তদন্ত) সেলিম জাহাঙ্গীর, মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি খাইরুল বাশার, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবির, ইউনিয়ন জামায়াতে ইসলামীর সভাপতি মোখলেসুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স।

দারিয়াপুর ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত কাবাডি খেলায় উপস্থিত ছিলেন দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান ও সাধারণ সম্পাদক জিয়াউর রহমান।

এ সময় মুজিবনগর থানার পুলিশ কর্মকর্তাসহ স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ, গণ্যমান্য ব্যক্তি, জনপ্রতিনিধি, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবং ক্রীড়াপ্রেমীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আয়োজক ও অতিথিরা বলেন, “মাদককে না বলি, কিশোর গ্যাং নির্মূল করি, সুস্থ সুন্দর জীবন গড়ি”—এই বার্তাকে সামনে রেখে কমিউনিটি পুলিশিং কার্যক্রমকে আরও শক্তিশালী করতে খেলাধুলার আয়োজন করা হয়েছে। কাবাডির মতো গ্রামীণ ঐতিহ্যবাহী খেলাকে জনপ্রিয় করার পাশাপাশি তরুণদের ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা আরও বলেন, খেলাধুলা মানুষের মধ্যে শৃঙ্খলা, সৌহার্দ্য ও পারস্পরিক সহযোগিতার মনোভাব তৈরি করে। পুলিশের সঙ্গে স্থানীয় জনগণের অংশগ্রহণমূলক সম্পর্ক আরও দৃঢ় করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন গ্রাম থেকে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্থানীয় পর্যায়ে এ আয়োজনকে ঘিরে ক্রীড়াপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে।

দৌলতপুর সীমান্তে বিজিবির অভিযানে দেশীয় পিস্তল ও গুলি উদ্ধার

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে অভিযান চালিয়ে একটি দেশীয় পিস্তল ও দুই রাউন্ড গুলি উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

সোমবার (২৮ সেপ্টেম্বর) সকাল ১০টার দিকে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর রামকৃষ্ণপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকার মদনের ঘাটে এ অভিযান পরিচালনা করা হয়।

বিজিবি জানায়, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে একটি চৌকস টহল দল সেখানে বিশেষ অভিযান চালায়। এ সময় মালিকবিহীন অবস্থায়

একটি একনলা দেশীয় পিস্তল ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। উদ্ধারকৃত অস্ত্র ও গুলির আনুমানিক সিজার মূল্য ১০ হাজার ৪০০ টাকা।

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) জানায়, সীমান্তে অবৈধ অস্ত্র, মাদকদ্রব্য ও অন্যান্য চোরাচালান প্রতিরোধে নিয়মিত গোয়েন্দা তৎপরতা ও বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে। সীমান্ত সুরক্ষা ও জননিরাপত্তা নিশ্চিত করতে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

মেহেরপুরে বিশ্ব জলাতঙ্ক দিবস পালিত

র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব জলাতঙ্ক দিবস। দিবসটি উপলক্ষে সোমবার সকালে মেহেরপুর সিভিল সার্জন অফিসের উদ্যোগে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

সকালে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল চত্বর থেকে একটি সচেতনতামূলক র্যালি বের করা হয়। সিভিল সার্জন ডা. আবু সাঈদের নেতৃত্বে র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে সিভিল সার্জন অফিস চত্বরে গিয়ে শেষ হয়।

পরে সিভিল সার্জন অফিস মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সিভিল সার্জন ডা. আবু সাঈদের সভাপতিত্বে ‘একসাথে আরও শক্তিশালী জলাতঙ্কমুক্ত বিশ্ব গড়ি’ শীর্ষক আলোচনা সভায় বক্তব্য দেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক।

আলোচনা সভায় জলাতঙ্ক প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি, কুকুরসহ অন্যান্য প্রাণীর কামড়ের পর দ্রুত প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণ এবং জলাতঙ্ক প্রতিরোধে সমন্বিত উদ্যোগের গুরুত্ব তুলে ধরা হয়।

র্যালি ও আলোচনা সভায় সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা মো. শফি,

খলিলুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

দিবসটির বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জলাতঙ্ক সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং এ প্রাণঘাতী রোগ প্রতিরোধে মানুষের মধ্যে সচেতনতা তৈরির ওপর গুরুত্বারোপ করা হয়।

মেহেরপুরে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালন

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে মেহেরপুরে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়।

জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাকাপি ইবনে সাজ্জাদ, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সিরাজুল ইসলাম ও শাকির আহমেদ, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক হাসানুজ্জামান, পুলিশ পরিদর্শক শফিকুল ইসলাম, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা কর্মকর্তা আব্দুর রাহিম, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মাসুদ, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন এবং সদর উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সংশ্লিষ্টরা।

সভায় তথ্য অধিকার আইন, জনগণের তথ্য পাওয়ার অধিকার এবং সরকারি দপ্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।